

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৭৮৬

৬/ স্বলাত (নামায)

পরিচ্ছেদঃ রাতে উঠে (তাহজ্জুদ) নামায পড়ার ফযীলত

আরবী

عَنْ أَبِيْ أُمَامَة عَن رَسُولِ اللهِ صلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ :عَلَيْكُمْ بِقِيَامِ اللَّيْلِ فَإِنَّهُ دَأْبُ الصَّالِحِينَ قَبْلَكُمْ وَهُوَ قُرْبَةٌ إِلَى رَبِّكُمْ وَمَكْفَرَةٌ لِلسَّيِّئَاتِ وَمَنْهَاةٌ لِلإِثْمِ

বাংলা

(৭৮৬) আবু উমামাহ বাহেলী (রাঃ) হতে বর্ণিত, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, তোমরা তাহাজ্জুদের নামাযে অভ্যাসী হও। কারণ, তা তোমাদের পূর্বতন নেক বান্দাদের অভ্যাস; তা তোমাদের প্রভুর নৈকট্যদানকারী ও পাপক্ষালনকারী এবং গোনাহ হতে বিরতকারী আমল।

ফুটনোট

(তিরমিয়ী ৩৫৪৯, ইবনে আবিদ্দুনয়্যা, ইবনে খুযাইমাহ ১১৩৫, হাকেম ১১৫৬, সহীহ তারগীব ৬২৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ উমামাহ্ বাহিলী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন